গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১

২১ পৌষ, ১৪২৩
স্মারক নং-৪৭.০৩৭.০০৬.০০.০০.২০৬.২০১৬-১০ তারিখঃ ----------।
০৫ জানুয়ারি, ২০১৭

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মাধ্যমে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের নভেম্বর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার সভার কার্যবিবরণী।

গত ১৪ ডিসেম্বর, ২০১৬ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে এ বিভাগ এবং এর আওতাভুক্ত সংস্থাসমূহের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির্ভুক্ত প্রকল্পসমূহের নভেম্বর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসংগে প্রেরণ করা হ'ল।

০২। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতির প্রতিবেদন আইএমইডি-০৫/২০০৩(সংশোধিত) ছক যথাযথভাবে পূরণপূর্বক আগামী ১০-০১-২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল।
সংযুক্তিঃ বর্ণনামতে।

০৫/০১/২০১৭
(বিপিন চন্দ্র বিশ্বাস)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ-অতিরিক্ত-সচিব (বাজেট-৪))।
২. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ-উপ-সচিব, ইউরোপ অধিশাখা-৩)।
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর রোড, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ- পরিচালক (প্রশাসন))।
৪. সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ-মহা-পরিচালক, কৃষি ও পল্লী উন্নয়ন সেক্টর)।
৫. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগ প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।
৯. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
১০. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ।
১১. মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।
১২. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ, তেজগাঁও, ঢাকা।
১৫. প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭।
১৬. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
১৭. প্রকল্প পরিচালক, ইকোনমিক এমপাওয়ারমেন্ট অভ দি পুওরেস্ট ইন বাংলাদেশ (ইইপি), সড়ক নং-১০, বাসা নং-৫, বারিধারা, ঢাকা-১২১২।
১৮. যুগ্ম সচিব (উন্নয়ন/আইন/বাজেট/প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. যুগ্ম-প্রধান, পল্লী প্রতিষ্ঠান উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২০. যুগ্ম-প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২১. যুগ্ম-প্রধান, সেচ উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২২. প্রকল্প পরিচালক, চর জীবিকায়ন কর্মসূচি-২য় পর্যায় (সিএলপি-২), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
২৩. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, হাউজ নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রুপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২৪. উপ-সচিব, প্রশাসন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও প্রাক্তন প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-২য় পর্যায়(সিভিডিপি-২)।
২৫. উপ-প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২/৩/৪/৫/৬, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, উন্নয়ন শাখা/ প্রশাসন শাখা-১/বাজেট শাখা-২, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২৮. প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা(কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
২৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব এর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১
www.rdcd.gov.bd

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের জুলাই-নভেম্বর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৪ ডিসেম্বর, ২০১৬ তারিখে চলতি ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের জুলাই-নভেম্বর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত এক সভা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অনুষ্ঠিত হয়। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ, *এমপি* উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব ড. প্রশান্ত কুমার রায় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক'তে সদয় দ্রষ্টব্য।

২.০ উপস্থাপনা ঃ

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব সূচনা বক্তব্য প্রদান করেন। তিনি প্রকল্প বাস্তবায়নে কি কি পদক্ষেপ এখনই নেয়া দরকার সে বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তিনি এ বিভাগের উপ-প্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য আহ্বান জানান। উপ-প্রধান আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

৩.০ আলোচনা ঃ

সভায় গত ০৮ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার জারীকৃত কার্যবিবরণীর উপর উপস্থিত কর্মকর্তাদের কোন বক্তব্য থাকলে তা উপস্থাপনের আহ্বান করা হয়। কার্যবিবরণীর উপর উপস্থিত কারও কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩.১ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত ২৩টি অনুমোদিত (২২টি বিনিয়োগ এবং ১টি কারিগরি সহায়তা) প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দের পরিমাণ ৭৯০৬৩.০০ লক্ষ (জিওবিঃ ৭৭৩০০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্যঃ ১৭৬৩.০০ লক্ষ) টাকা। প্রকল্পসমূহের অনুকূলে নভেম্বর,২০১৬ পর্যন্ত সময়ে মোট ৩৪৯৪৩.৮৪ লক্ষ (জিওবিঃ ৩৪০৩৯.৫০ লক্ষ এবং প্রকল্প সাহায্যঃ ৯০৪.৩৭ লক্ষ) টাকা অবমুক্ত করা হয়েছে এবং মোট ১৫৯৪১.২৯ লক্ষ (জিওবিঃ ১৫০৩৬.৯২ লক্ষ এবং প্রকল্প সাহায্যঃ ৯০৪.৩৭ লক্ষ) টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ২০.১৬%।

৩.৩ সভাপতি বলেন যে, বিগত অর্থবছরে এ বিভাগের উন্নয়ন প্রকল্পের প্রায় শতভাগ বাস্তবায়ন অগ্রগতি সাধিত হয়েছিল। তিনি চলতি ২০১৬-১৭ অর্থ বছরেও যাতে প্রকল্প বাস্তবায়নে শতভাগ অগ্রগতি লাভ করা যায় সে লক্ষ্যে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। অতঃপর প্রকল্পভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং গত সভার সিদ্ধান্তের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

৪.০ প্রকল্পভিত্তিক সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
১।	একটি বাড়ি একটি খামার প্রকল্প (৩য় সংশোধিত)	সচিব বলেন যে, একটি বাড়ি একটি খামার প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর নিজস্ব চিন্তা প্রসূত একটি প্রকল্প, যা বিশেষ উদ্যোগ-১ হিসেবে ব্রান্ডিংকরণ হচ্ছে। তাই এ প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে তিনি এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদেকে বিশেষভাবে সহযোগিতার জন্য অনুরোধ জানান। সভায় জানানো হয় যে, ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অতিরিক্ত ৫১০.০০ কোটি টাকা বরাদ্দ চেয়ে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। অনুমোদিত ৩য় সংশোধিত প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী মাঠ পর্যায়ের কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। জনবল নিয়োগের প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। ১৮-১২-২০১৬ তারিখে একটি বাড়ি একটি খামার প্রকল্পের আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটির সভা আহ্বান করা হয়েছে। প্রকল্পের নুতন উপকারভোগী বাছাই এর জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা দেয়া হয়েছে। শীঘ্রই নুতন	১) ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অতিরিক্ত ৫১০.০০ কোটি টাকা বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ২) মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন প্রসূত এ প্রকল্পটির সংশোধিত লক্ষ্যমাত্রা অনুযায়ী মাঠ পর্যায়ের কার্যক্রম যাতে সফল ভাবে বাস্তবায়ন শুরু করা যায় সে লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন, জনবল নিয়োগ, প্রকল্পের বিভিন্ন কমিটির সভা আহবানসহ মনিটরিং জোরদার করতে হবে।

নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
		ডাটাবেইজ-এ উপকারভোগীদের তথ্য এন্ট্রি দেয়া শুরু হবে। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ৩১৫২৬.০০ লক্ষ (জিওবি) টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১৫৭৬৩.০০ লক্ষ (জিওবি) টাকা ও ৩৮.৪২ (জিওবি) টাকা ব্যয় হয়েছে।	বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক ও পউসবি। ৩) এ বিভাগের কর্মকর্তাসহ অধীনস্ত সকল দপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের মনিটরিং ও পরিদর্শনের পাশাপাশি একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করবেন। বাস্তবায়নেঃ এ বিভাগের অধীনস্ত সকল দপ্তর/সংস্থা।
২।	ইকনমিক এমপাওয়ারমেন্ট অব দি পুওরেস্ট ইন বাংলাদেশ (ইইপি)	সভায় জানানো হয় যে, প্রকল্পটি সেপ্টেম্বর,২০১৬ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন(পিসিআর) এখনও এ বিভাগে পাওয়া যায় নি। সমাপ্ত প্রকল্পের মালামাল আনুষ্ঠানিকভাবে এ বিভাগে বুঝিয়ে দেয়া হয়নি। সমাপ্ত প্রকল্পের মালামাল সমবায় ভবনে রাখা হয়েছে মর্মে সভায় জানানো হয়। সমাপ্ত প্রকল্পের পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে দাখিল এবং সমবায় ভবনে রাখা মালামাল পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও সমবায় অধিদপ্তরের উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে বুঝিয়ে দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ১৫৭৬.০০ লক্ষ (জিওবিঃ ২৮.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্যঃ ১৫৪৮.০০ লক্ষ) টাকা বরাদ্দের বিপরীতে ৭১৪.৩৭ লক্ষ (জিওবিঃ ২০.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্যঃ ৬৯৪.৩৭(জিওবি) টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির বাস্তব কাজ ১০০% সমাপ্ত করা হয়েছে।	(১) প্রকল্পটির পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। (২) সমবায় ভবনে রাখা সমাপ্ত প্রকল্পের মালামাল পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও সমবায় অধিদপ্তরের উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে বুঝিয়ে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক ও পউসবি।
৩।	চর জীবিকায়ন কর্মসূচি-২য় পর্যায় (সিএলপি-২)	সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পটির ডিপিএ অংশের কার্যক্রম জুন, ২০১৬ এ শেষ হয়েছে এবং জিওবি অংশের মনিটরিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত চলমান থাকবে। প্রকল্পের জিওবি অংশের লক্ষ্যমাত্রা অনুযায়ী এর কার্যক্রম মূল্যায়নের কাজ চলমানসহ প্রকল্পের ডিপিএ অংশের পিসিআর প্রণয়নাধীন রয়েছে। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্প চলাকালীন সময়ে এ প্রকল্পের উপকারভোগীদের জন্য যে কার্যক্রম বাস্তবায়িত হয় তা সফল হওয়ায়, প্রকল্প শেষে এ কার্যক্রম দেশের অন্যান্য চরাঞ্চলে বাস্তবায়নে এবং এর সাফল্য ধরে রাখার জন্য জিওবি অর্থায়নে অনুরুপ একটি প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। প্রকল্পটির অনুকূলে চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ৩৫০.০০ লক্ষ টাকা (জিওবি) বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ৮২.৪৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ সম্পন্ন করে পিসিআর দাখিল করতে হবে। প্রয়োজনে প্রকল্পের কার্যক্রম দেশের অন্যান্য চরাঞ্চলে বাস্তবায়নের লক্ষ্যে জিওবি অর্থায়নে অনুরুপ একটি প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক ও পউসবি।
৪।	বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স (বর্তমানে বাপার্ড) কোটালীপাড়া, গোপালগঞ্জ এর সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়ন (সংশোধিত) প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ১০ তলা ফাউন্ডেশনসহ প্রশাসনিক ভবনের নির্মাণ কাজ ৫৩% ও ১০ তলা হোস্টেল ভবনের নির্মাণ কাজের ৪৫% সম্পন্ন করা হয়েছে। ৬ তলা অফিসার্স কোয়াটারের (১০তলা ভিত্তিসহ) কার্যাদেশ শীঘ্রই প্রদান করা হবে। ৬ তলা স্টাফ কোয়াটারের টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ২২৭২.১৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৪৫.৪৪%।	১। প্রকল্পটির নির্মাণ কাজের গুণগতমান ঠিক রাখার বিষয়টি নিশ্চিতকরাসহ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করতে হবে। ২। প্রকল্পের একটি পিআইসি সভা প্রকল্প এলাকায় আয়োজনের ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।

নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
৫।	দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (১ম সংশোধিত)	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থবছরে ৪৫০টি প্রাথমিক মহিলা সমিতি গঠন, ১৭৭২৮ জন সদস্যভুক্তি, ৬৬৫৪ জনকে প্রশিক্ষণ প্রদান, ৫১৬.৭৫ লক্ষ টাকা মূলধন গঠন, ১৪৯৮.০৯ লক্ষ টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ১৫৮টি প্রাথমিক মহিলা সমিতি গঠন, ২৩৪৫ জনকে সদস্যভুক্তি, ১২৪০ জনকে প্রশিক্ষণ প্রদান, ১৩৫.৭২ লক্ষ টাকা মূলধন গঠন ও ৯৭৯.২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ২৩১৫৭.৬০ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৮%। গত ০৬-১২-২০১৬ তারিখে পরিকল্পনা কমিশন হতে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুমোদন আদেশ জারি করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ৩২৯৯.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর,২০১৬ পর্যন্ত মোট ১৬০৪.২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক। (২) প্রকল্পের ২য় সংশোধনের প্রশাসনিক আদেশ এ বিভাগ হতে দ্রুত জারি করতে হবে। বাস্তবায়নেঃ পউসবি।
৬।	ইনিশিয়েটিভ ফর ডেভেলপমেন্ট, এমপাওয়ারমেন্ট, এওয়ারনেস এন্ড লাইভলীহুড প্রজেক্ট	২০১৬-১৭ অর্থ বছরে ৬,৬৪৫ জনকে প্রশিক্ষণ প্রদান, ৬,২৪৫ জনকে প্রশিক্ষনোত্তর সম্পদ সহায়তা এবং ১৬০টি কমিউনিটি লাইব্রেরী স্থাপন, স্যানিটারি ল্যাট্রিন ১০০টি এর লক্ষ্যমাত্রার বিপরীতে নভেম্বর,২০১৬ পর্যন্ত ১৯১৫ জনকে প্রশিক্ষণ প্রদান, ১৮১৫ জনকে প্রশিক্ষনোত্তর সম্পদ সহায়তা প্রদান এবং ২৮টি কমিউনিটি লাইব্রেরী স্থাপন এবং ২০টি স্যানিটারি ল্যাট্রিন স্থাপন করা সম্পন্ন হয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর,২০১৬ পর্যন্ত মোট ১৮৫.৫৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পটি জুন, ২০১৭ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়নসহ নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে হবে। এ লক্ষ্যে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার একটি কর্মপন্থা মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
৭।	পল্লী জীবিকায়ন প্রকল্প-২য় পর্যায়	সভায় জানানো হয় যে, ২০১৬-১৭ অর্থ বছরে প্রকল্পের আওতায় ৩১৮৫টি সমিতি গঠন, ১১৮২৮২ জন সদস্যভূক্তি, ১,০২,৮৯৬ জনকে প্রশিক্ষণ প্রদান, ৯৬.০০ লক্ষ টাকা শেয়ার জমা, ৮৫০.০০ লক্ষ টাকা সঞ্চয় জমা, ১৯২০০.০০ লক্ষ ঋণ বিতরণ এবং ২০১০০.০০ লক্ষ টাকা ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। লক্ষ্যমাত্রার বিপরীতে নভেম্বর,২০১৬ পর্যন্ত ২১৫টি সমিতি গঠন, ৯৮৪৭ জন সদস্যভূক্তি, ১৯,০০০ জনকে প্রশিক্ষণ প্রদান, ৬৫.৬৭ লক্ষ টাকা শেয়ার, ৩৫৮.২২ লক্ষ টাকা সঞ্চয় জমা, ৭০১১.৩৪ লক্ষ টাকা ঋণ বিতরণ এবং ৬৪৭২.৪১ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। সুবিধাভোগীদের তালিকা অনলাইনে প্রদর্শনের জন্যও সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ৪০০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ৮৭৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়। ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে সভায় নির্দেশনা প্রদান করা হয়।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। (২) সুবিধাভোগীদের তালিকা অনলাইনে প্রদর্শনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
৮।	সেচ সম্প্রসারণ প্রকল্প	সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের আওতায় প্রকল্প মেয়াদে গভীর নলকূপ মেরামতের লক্ষ্যমাত্রা ছিল ৩৪৭টি। জুন, ২০১৬ পর্যন্ত মেরামত হয়েছে ৩০০টি। ডিসেম্বর/২০১৬ এ প্রকল্পটির মেয়াদ শেষ হবে। চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪২টি গভীর নলকূপ মেরামতের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠান ইতোমধ্যে ৯০% কাজ সম্পন্ন করেছে। বাকী কাজ ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে সম্পন্ন হবে। প্রকল্পের আওতায় গঠিত সমিতির (নাম ও ফোন নম্বরসহ) রেজিষ্টার এ বিভাগে প্রেরণের জন্য সভায় আলোচনা হয়। সুবিধাভোগীদের তালিকা অনলাইনে প্রদর্শনের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ৪৭১.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ৫০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটি ডিসেম্বর, ২০১৬ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। প্রকল্পটির লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নপূর্বক প্রকল্পটি সমাপ্ত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	(১) প্রকল্পটির লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন শতভাগ নিশ্চিতপূর্বক প্রকল্পটি সমাপ্ত করতে হবে। (২) অতি দ্রুত সমিতির নাম ও ফোন নম্বরসহ রেজিষ্টার প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (৩) সুবিধাভোগীদের তালিকা অনলাইনে প্রদর্শনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
৯।	উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচী (২য় পর্যায়)	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ৩৫টি দল গঠন, ৮৪০০ জনকে প্রশিক্ষণ প্রদান, ১০.৫০ লক্ষ টাকা সঞ্চয় জমা, ২১০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ ও ১৮০.০০ লক্ষ টাকা ঋণ আদায়ের লক্ষ্যমাত্রার বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ১৫টি দল গঠন, ১৬৮০ জনকে প্রশিক্ষণ প্রদান, ৪.৫৯ লক্ষ টাকা সঞ্চয় জমা, ১২২.৬১ লক্ষ টাকা ঋণ বিতরণ ও ৯১.৩৯ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। সুবিধাভোগীদের তালিকা অনলাইনে প্রদর্শনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের আওতায় ডিসপ্লে কাম সেলস সেন্টার স্থাপনের লক্ষ্যে জমি অধিগ্রহণের জন্য গত ৩১-১০-২০১৬ তারিখে বিআরডিবি'র মহাপরিচালকের স্বাক্ষরে এবং ১০-১১-২০১৬ তারিখে প্রকল্প পরিচালক কর্তৃক জেলা প্রশাসক, রংপুর-কে পত্র দেয়া হয়েছে এবং প্রকল্প পরিচালক কর্তৃক জেলা প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে এ বিষয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ২৫৩৭.০০ লক্ষ টাকা(জিওবি) বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ১২২৬.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৪৮.৩৬%।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। (২) সুবিধাভোগীদের তালিকা অনলাইনে প্রদর্শনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। (৩) প্রকল্পের আওতায় ডিসপ্লে কাম সেলস সেন্টার স্থাপনের লক্ষ্যে জমি অধিগ্রহণ/ক্রয়ের বিষয়টি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক ও মহাপরিচালক, বিআরডিবি।
১০।	অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩য় পর্যায়	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ১৬০০টি গ্রাম উন্নয়ন কমিটি, ৬০০টি ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটি, ৬৯০০০ জনকে প্রশিক্ষণ প্রদান, ৬৬২টি ভিডিসি স্কিম গঠনের লক্ষ্যমাত্রার বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ৭৫০ টি গ্রাম উন্নয়ন কমিটি গঠন, ৮৫২টি ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটি গঠন, ১৭৭৩০ জনকে প্রশিক্ষণ প্রদান ও ২৭৫টি গ্রাম উন্নয়ন কমিটি (ভিডিসি) স্কিম গঠন সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের আওতায় জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ২০০০.০০ লক্ষ টাকা(জিওবি) বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ৪৯৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ২৪.৭৫%।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন শতভাগ নিশ্চিত করতে হবে। (২) প্রকল্পের আওতায় জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
১১।	মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা যমুনা, পদ্মা এবং তিস্তা চরস(M4C)	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় চরাঞ্চলে চিনাবাদামের নতুন উদ্ভাবিত উচ্চ ফলনশীল জাত সম্প্রসারণের লক্ষ্যে কুড়িগ্রাম জেলার ৩টি উপজেলা সংলগ্ন চরাঞ্চলে বিএডিসি বীজ উৎপাদন কর্মসূচির সহযোগিতায় বারি-৮, বারি-৯ ও বিনা-৮ জাতের ১৫০০ কেজি বীজ ৪৬ জন চর বাসীর মধ্যে বিতরণ করা হয়। প্রকল্পের উদ্যোগে চরাঞ্চলে নতুন উদ্ভাবিত উচ্চ ফলনশীর সরিষা জাত সম্প্রসারণের লক্ষ্যে বিএডিবি বীজ উৎপাদন কর্মসূচির সহযোগিতায় কুড়িগ্রাম জেলার চরাঞ্চলে বারি-১৫ জাতের ৬১ কেজি বীজ ৬৮ জন চর চাষীর মধ্যে বিতরণ করা হয়। বীজ উৎপাদনের লক্ষ্যে চিনাবাদাম ও সরিষা বীজ ইতোমধ্যে বপন করা হয়েছে এবং উভয়ের অঙ্কুরোদগম ক্ষমতা ৯০% এর বেশি। প্রকল্পের সহযোগিতায় পার্টনার এনজিও গাক, ইউনাইটেড ফাইন্যান্স এবং এনডিপি চরাঞ্চলে এ পর্যন্ত ১০৬ মিলিয়ন টাকা ১৯৫২ চর চরবাসীর মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ করেছে। চলতি অর্থ বছরের এডিপিতে ২৮৪.০০ লক্ষ টাকা(জিওবি) বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ২২৭.২৫ লক্ষ টাকা(জিওবিঃ ১৭.২৫ ও প্রকল্প সাহায্যঃ ২১০.০০) ব্যয় হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের কার্যক্রম ২০১৯ সাল পর্যন্ত সম্প্রসারণের লক্ষ্যে এসডিসি এবং বাংলাদেশ সরকারের মধ্যে ইতোমধ্যে সমঝোতা স্মারক স্মাক্ষরিত হয়েছে। সে অনুযায়ী প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ ২য় সংশোধনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। (২) সুবিধাভোগীদের তালিকা অনলাইনে প্রদর্শনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। (৩) প্রকল্পটির ২য় সংশোধনের প্রস্তাবসহ পুনর্গঠিত টিএপিপি দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
১২।	আরডিএ খামার এবং ল্যাবঃ স্কুল এন্ড কলেজ আধুনিকায়ন প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় স্কুল এন্ড কলেজের একাডেমীক ভবনের ১ম তলা ও ২য় তলার ছাদ ঢালাই সম্পন্ন করা হয়েছে। ৩য় তলার ছাদ ঢালাই এর কাজ চলমান রয়েছে। গার্লস হোস্টেল ভবনের গ্রেডবীম নির্মাণ কাজ চলছে এবং সেল্প হেল্প গ্রুপ আবাসিক ভবনের ১ম ও ২য় তলার ছাদ ঢালাই কাজ সম্পন্ন করা হয়েছে। ছাদের প্লাস্টার এবং ব্রিক ওয়ার্ক নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় আরডিএ স্কুল এন্ড কলেজের ল্যাবে কম্পিউটার স্থাপন করা হয়েছে, মৎস্য হ্যারীতে ব্রুড ফিস সংগ্রহ করা হয়েছে এবং খামারের বিভিন্ন ইউনিটের অবকাঠামোগত সম্প্রসারণের কাজ যন্ত্রপাতি সংগ্রহের কাজ চলমান রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ১৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ৩৭৫.০০ লক্ষ ব্যয় হয়েছে। প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির বিষয়ে আইএমইডি'র মতামত চাওয়া হয়েছে। তবে নির্ধারিত সময়ে মাত্র ৫০ ভাগ সম্পন্ন হওয়ার বিষয়টি খতিয়ে দেখা দরকার বলে সচিব মন্তব্য করেন।	(১) এ পর্যন্ত মাত্র শতভাগ কাজ বাস্তবায়িত হওয়ার ব্যাখ্যাসহ ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। (২) নির্মাণ কাজের গুণগতমান ঠিক রাখার জন্য মনিটরিং জোরদার করতে হবে। (৩) প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির জন্য আইএমইডি'র মতামতের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
১৩।	গ্রামীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় রংপুর বিভাগের আওতায় নিয়ামত মৌজার নির্ধারিত স্থানে নির্মাণ কাজ চলছে। বরিশাল ও চট্টগ্রাম বিভাগের সাইট নির্বাচনের কাজ চলমান রয়েছে। ঢাকা বিভাগের গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর উপজেলায় আড়পাড়া ও হরিদাসপুর মৌজায় ডিজিটাল সার্ভে ও মাটি পরীক্ষা কাজ সম্পন্ন করা হয়েছে। রংপুর বিভাগের আওতায় নিয়ামত মৌজার নির্ধারিত স্থানে পল্লী জনপদের নির্মাণ কাজ চলমান রয়েছে। বগুড়ার শাহজাহানপুর উপজেলার জামালপুর গ্রামে পল্লী জনপদ ভবনের লে-আউট প্রদান ও মাটি পরীক্ষা সম্পন্ন হয়েছে। খুলনার বটিয়াঘাটা উপজেলার খোলাবাড়িয়া গ্রামে পল্লী জনপদ ভবন নির্মাণের জন্য মাটি পরীক্ষা সম্পন্ন হয়েছে। প্রকল্প এলাকায় এপ্রোচ রোড ও অস্থায়ী সীমানা প্রাচীর নির্মাণ শুরু হয়েছে। সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলায় বদুহাজি গ্রামে ৩৭৮ শতক জমি অধিগ্রহণ করা হয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ৭০০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ১৭৫০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ২৫%। প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন পল্লী জনপদসমুহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপনের বিষয়ে আরডিএ, বগুড়া প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। এ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে প্রকল্পের আওতায় ভবন নির্মাণের বিষয়ে কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান, মেশিন টুলস ফ্যাক্টরী এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে একটি সভা আহবানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ১ মাসের মধ্যে জমি অধিগ্রহণের কাজ সম্পন্ন করে সব জায়গায় প্রকল্পের নির্মাণ কাজ শুরু করতে হবে। এ বিষয়ে কার্যক্রম ব্যবস্থা গ্রহণের জন্য আরডিএ, বগুড়াকে নির্দেশনা প্রদান করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পটি আগামী জুন, ২০১৭ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। প্রকল্পের আওতায় পল্লী জনপদ নির্মাণের লক্ষ্যে ৭টি বিভাগের মধ্যে ৫টি বিভাগে(ঢাকা, রাজশাহী, রংপুর, খুলনা ও সিলেট) স্থান নির্বাচন সম্পন্ন হয়েছে এবং ২টির (রাজশাহী ও রংপুর) বাস্তব নির্মাণ কাজ শুরু হয়েছে। অবশিষ্ট সময়ের মধ্যে এ প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না। কাজেই প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ সংশোধন করা প্রয়োজন হবে। সভাপতি এ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি, প্রকল্প সংশোধন এবং কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের বিষয়ে জরুরী ভিত্তিতে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আহবানের জন্য নির্দেশনা প্রদান করেন। যথাসময়ে কাজের প্রাথমিক অগ্রগতিও না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। (২) চট্টগ্রাম ও বরিশাল বিভাগে পল্লী জনপদ নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। (৩) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পল্লী জনপদসমূহের নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপনের বিষয়ে আরডিএ, বগুড়া প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। (৪) প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি, প্রকল্প সংশোধন এবং প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের বিষয়ে সংশ্লিষ্টদের নিয়ে জরুরীভিত্তিতে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
১৪।	পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ ও বিস্তার এবং ব্যবস্থাপনার মাধ্যমে ধানের ফলন বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ধানসহ দানা জাতীয় শষ্য এবং এলাকাভিত্তিক বিভিন্ন ধরনের সবজি উৎপাদনে সেচের পানি ও জ্বালানী সাশ্রয়ী পরিবেশ বান্ধব প্রযুক্তি কৃষকের মাঝে ছড়িয়ে দেয়ার নিমিত্ত ৪০টি জেলায় পর্যায়ক্রমে ২০০টি এলাকায় প্রদর্শনী ব্লক তৈরীর পরিকল্পনা রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে নতুন ৩৫টি গ্রুপ তৈরির কাজ সম্পন্ন হয়েছে। রবি/১৬ মৌসুমে ১টি মাদার ট্রায়েলসহ ২৪টি উপ প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে এবং ৩টি মাদার ট্রায়েলসহ ৪০টি উপ-প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন চলমান রয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ৬০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ১৫০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। সভায় প্রকল্পের বাস্তবায়ন কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। (২) প্রকল্পের বাস্তবায়ন কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
১৫।	পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ, রংপুর স্থাপন প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ১টি জীপ গাড়ী, ১টি পিক আপ ক্রয়, কন্সালটেন্সি ফার্ম নিয়োগ, ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়েছে। ভূমি উন্নয়ন কাজ চলমান রয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মাটি ভরাটের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে এবং সীমানা প্রাচীর নির্মাণ কাজ চলমান রয়েছে। সভায় প্রকল্পের আওতায় অন্যান্য ভৌত নির্মাণ কাজ শুরুর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ৩৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ৮৩.৬৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। (২) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পল্লী উন্নয়ন একাডেমী(আরডিএ), রংপুর-এর নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপনের বিষয়ে আরডিএ, বগুড়া প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। (৩) প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ভৌত নির্মাণ কাজ যথাসময়ে শুরু করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
১৬।	দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরনের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর ও বরিশাল জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্প।	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ৮৬ জন সুবিধাভোগীকে সম্পদ সহায়তা এবং ১৫০ জনকে কার্যকরী মুলধন বাবদ ১১৬.০০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। ১ম পর্যায়ে গোপালগঞ্জের টুঙ্গীপাড়া ও সদর উপজেলা, পিরোজপুরের নাজিরপুর ও সদর উপজেলা, খুলনার ডুমুরিয়া ও পাইকগাছা উপজেলা, সাতক্ষীরার তালা উপজেলা, রাজবাড়ির পাংশা উপজেলা, মাদারীপুরের রাজৈর উপজেলা ও বরিশালের বাবুগঞ্জ ও ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলায় ঋণ প্রাপ্ত সুবিধাভোগীগণ কর্তৃক ক্রয়কৃত কিছু কিছু গাভী হতে দুগ্ধ উৎপাদন শুরু হয়েছে। এ সকল সমিতিতে দৈনিক উৎপাদিত দুধের পরিমাণ ১৩০০০ লিটার।প্রকল্পের মুল কার্যক্রম হিসেবে সর্বশেষ ফরিদপুর সদও উপজেলায় ঋণ বিতরণ করা হযেছে এবং সুবিধাভোগীগণ কর্তৃক বকনা ক্রয় করা হচ্ছে। বরিশালের আগৈলঝরা উপজেলায় ২০০ জন সুবিধাভোগী নির্বাচনপূর্বক ৫০ সদস্য বিশিষ্ট ৪টি সমিতি গঠনের কাজ চলমান রয়েছে। উল্লিখিত সদস্যকে ঋণ/সম্পদ সহায়তা কার্যক্রম সমাপ্ত হবে। উৎপাদিত দুধ মিল্ক ভিটার টুঙ্গীপাড়া, খুলনা ও সাতক্ষীরার চিলিং প্লান্টে এবং স্থানীয় পর্যায়ে বিক্রয় করা হচ্ছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ৬৩৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর,২০১৬ পর্যন্ত মোট ১৫৫.০৪ লক্ষ ব্যয় করা হয়েছে। চলতি অর্থ বছরে কর্মপরিকল্পনা অনুযায়ী শতভাগ কার্যক্রম বাস্তবায়ন করার নির্দেশনা দেয়া হয়।	১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের শতভাগ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক ২) প্রকল্পটি চলতি অর্থবছরে সমাপ্ত হবে বিধায় প্রকল্পের বাস্তবায়ন মাঠ পর্যায়ে কি প্রভাব পড়ছে তা দেখার জন্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবে। বাস্তবায়নেঃ পউসবি
১৭।	সোলার প্যানেল স্থাপনসহ সমবায় ভবনের অসমাপ্ত অংশ নির্মাণ প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ১৬ তলা বিশিষ্ট পেছনের টাওয়ার অংশের ৭ম, ৮ম ও ৯ম এবং ১০ম তলা ভিত বিশিষ্ট সম্মুখ অংশের ৭ম ও ৮ম ও ৯ম ও ১০ তলার দ্বিতল অডিটোরিয়ামের (মাল্টিপারপাস হল) ছাদ ঢালাই সম্পন্ন করা হয়েছে। উক্ত তলাসমূহের ইট গাথুনি, প্লাষ্টার, টাইলস ফিটিং ও দরজা জানালার কাজ শেষ হয়েছে। ''সোলার প্যানেল স্থাপনসহ সমবায় ভবনের অসমাপ্ত অংশের ভৌত নির্মাণ" শীর্ষক প্রকল্পের ভৌত নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ১১০৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ২৭৭.০০ লক্ষ টাকা অবমুক্ত হলেও কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পটির মেয়াদ ৬ মাস বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	(১) ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে প্রকল্পের সকল নির্মাণ কার্যক্রম সম্পাদন নিশ্চিত করতে হবে। বাস্তবায়নেঃ সমবায় অধিদপ্তর ও প্রকল্প পরিচালক। (২) প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ সংশোধনের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
১৮।	দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প	সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের আওতায় নভেম্বর,২০১৬ পর্যন্ত ৭৬টি কেন্দ্র গঠন, ৩৩০০ জন সদস্যভুক্তি, ২৪০৫.৬৭ লক্ষ টাকা জামানতবিহীন ঋণ বিতরণ এবং ১৮৩৪.০৩ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। সুফলভোগী সদস্যগণের সাপ্তাহিক সঞ্চয় জমার মাধ্যমে ২১০.৬৩ লক্ষ টাকা পুঁজি গঠিত হয়েছে। বিতরণের তুলনায় ঋণ আদায়ের শতকরা হার ৯৮ ভাগ। প্রকল্পটির সংশোধন প্রস্তাব অনুমোদনের বিষয়ে গত ০১-১২-২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ১০৫৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ৫২২.৫৬ ব্যয় হয়েছে।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের শতভাগ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক। (২) প্রকল্পটির সংশোধন প্রস্তাব অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
১৯।	ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন সহায়তা (২য় পর্যায়) প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে পদায়ন করা হয়েছে। প্রকল্পটির আওতায় আসবাবপত্র ক্রয়ের কার্যাদেশ প্রদান করা হয়েছে। কম্পিউটার ও বায়োমেট্রিক্স মেশিন ক্রয়ের উন্মুক্ত দরপত্র আহ্বানের প্রেক্ষিতে ০৩টি প্রতিষ্ঠানের দরপত্র জমা পড়েছে ও দরপত্র যাচাই-বাছাই কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ১০০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ১২৪.৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।	১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ২) মাঠ পর্যায়ে প্রকল্প মনিটরিং জোরদার করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
২০।	দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প	সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের আওতায় ২০১৬-২০১৭ অর্থ বছর পর্যন্ত মোট ৫৯৫২ টি সমিতি গঠনের মাধ্যমে মোট ১,৬২,৭৩৬ জন সদস্য এর মধ্যে মোট ৪৩২২১.৬৬ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে এবং ঋণ আদায় হয়েছে মোট ৩৮১৪৭.৭৪ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৯৮%। সুফলভোগী সদস্যদের মোট সঞ্চয় আদায়ের পরিমান ৪৬৭৩.৮১ লক্ষ টাকা। এ পর্যন্ত মোট ১০,৬১৬ জন ক্ষুদ্র উদ্যোক্তার মাঝে ১১৫১৩.০০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৯%। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ৭৯৬০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত ৩৭১৯.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।	২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
২১।	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর আইসিটি কার্যক্রম ও ই-সেবা শক্তিশালীকরণ প্রকল্প	প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্রয়কার্যক্রম ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে ইতোমধ্যে কম্পিউটার ও অন্যান্য সরঞ্জামাদি বিতরণ সম্পন্ন হয়েছে। অন-লাইন সফটওয়্যার চলমান রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ২৩০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর,২০১৬ পর্যন্ত মোট ৬৫.৫৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি মার্চ, ২০১৭ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধিসহ সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবানের প্রস্তাব করা হয়েছে।	১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতপূর্বক করতে হবে। ২) এ প্রকল্পটি এ অর্থবছরে সমাপ্ত করতে হবে। প্রয়োজনে নতুন প্রকল্প গ্রহণ করা যেতে পারে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
২২।	দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মহিষের কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় মহিষের ফ্রোজেন সিমেন প্রসেসিং ল্যাবরেটরীর যন্ত্রপাতি নির্মাণধীন ল্যাবরেটরী ভবনে স্থাপনের কাজ শেষ পর্যায়ে। মিল্ক ভিটার নিজস্ব তহবিল হতে প্রকল্প এলাকায় বুল শেড, সিমেন কালেকশন শেড, সিমেন ল্যাবরেটরী ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। তাছাড়া, প্রশিক্ষণ কেন্দ্র, গো-খাদ্য গুদাম, কেন্টিন, নিরাপত্তা কক্ষসহ আনুষাঙ্গিক সিভিল কাজের প্রায় ৭০ ভাগ সম্পন্ন হয়েছে। জিওবি খাতের বরাদ্দ দ্বারা দুগ্ধবতী মহিষ ক্রয়ের জন্য এল, সি খোলা হয়েছে। ভারত থেকে মহিষ আনার জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রত্যায়ন প্রয়োজন হবে। সভায় উল্লেখ করা হয় যে, চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ৪৩৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ৮০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। সভায় প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ ২য় সংশোধন প্রস্তাব অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(১) ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। (২) প্রকল্পটির সংশোধন বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (৩) আগামী ১ সপ্তাহের মধ্যে ভারত থেকে মহিষ আনার জন্য ভারতের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রত্যায়ন গ্রহণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক।
২৩।	সিরাজগঞ্জের বাঘাবাড়ি ঘাটে গুঁড়ো দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প	সভায় জানানো হয় যে, প্রকল্পের ভবন নির্মানের জন্য স্থান নির্বাচন চূড়ান্ত করা হয়েছে এবং ভূমি উন্নয়নসহ অন্যান্য কাজ চলমান রয়েছে। প্রকল্পের কাজে ব্যবহারের জন্য পিক-আপ, আসবাবপত্র প্রভৃতি ক্রয় করা হয়েছে। মেশিনারী ক্রয়ের উদ্দেশ্যে গত ১৮-১০-২০১৬ তারিখে আর্ন্তজাতিক দরপত্র আহ্বান করা হয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ২৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ১১৮২.৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। উল্লিখিত প্রকল্পের আলোচনাকালে মিল্ক ভিটার প্রক্রিয়াজাতকরণ কারখানাসহ দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে বর্তমান সংখ্যা জানতে চাওয়া হলে সভায় অবহিত করা হয় যে, বর্তমানে দেশের ৩২টি জেলায় মোট ৫২টি শীতলী কেন্দ্রের মাধ্যমে প্রান্তিক সমবায়ী কৃষকদের নিকট হতে দুগ্ধ সংগ্রহ করা হচ্ছে। সংগৃহীত দুগ্ধ সিরাজগঞ্জের বাঘাবাড়ি ঘাট, ঢাকার মিরপুর, মাদারীপুরর টেকেরহাট দুগ্ধ কারখানার মাধ্যমে প্রক্রিয়াজাতকরণ করা হচ্ছে। সভায় জানানো হয় দেশের সকল মানুষের নিকট গুণগত মান সম্পন্ন দুধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রী পৌঁছে দেয়ার লক্ষ্যে অবশিষ্ট ৫টি বিভাগে ৫টি পূর্ণাঙ্গ দুগ্ধজাত প্রক্রিয়াকরণ কারখানা এবং ৩২ জেলায় দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপনের বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক একটি প্রকল্প প্রস্তাব দ্রুত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হবে।	(১) ভবন নির্মাণের স্থান নির্বাচন চূড়ান্ত করতে হবে। (২) পিপিআর অনুসরণ পূর্বক সকল প্রকার পণ্যক্রয় কার্যক্রম সম্পন্ন ও নির্মাণ কাজের টেন্ডার আহ্বান নিশ্চিত করতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক (৩) দেশের সকল মানুষের নিকট গুণগত মান সম্পন্ন দুধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রী পৌঁছে দেয়ার লক্ষ্যে অবশিষ্ট ৫টি বিভাগে ৫টি পূর্ণাঙ্গ দুগ্ধজাত প্রক্রিয়াকরণ কারখানা এবং ৩২ জেলায় দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপনের জন্য একটি প্রকল্প প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। বাস্তবায়নেঃ মিল্ক ইউনিয়ন।
২৪।	Supplying of Safe Drinking Water by Solar Desalination/Purification Panel to the Climate Vulnerable Areas of Bangladesh শীর্ষক প্রকল্প	প্রকল্পের আওতায় ৩টি বিভাগের (বরিশাল, খুলনা ও সিলেট) ৯টি জেলার মোট ১৮টি উপজেলায় ২১৬০টি Solar Water Desalination/Purification Panel বিতরণ ও স্থাপনের লক্ষ্যে উপকারভোগী নির্বাচন এবং দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন হয়েছে। নভেম্বর/২০১৬ পর্যন্ত ২১৬০টি সোলার সিস্টেম স্থাপন সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন এ প্রকল্পটি আগামী ডিসেম্বর,২০১৬ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। কর্মসূচির বিপরীতে চলতি অর্থ বছরে মোট ৪৭৫.১৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ২৩৭.৫৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে।	প্রকল্পের অর্থ ছাড় এবং নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সম্পাদনের জন্য বাংলাদেশ জলবায়ু ট্রাস্ট ফান্ডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
২৫।	ই-গর্ভনেন্স কর্মসূচি	সভায় উল্লেখ করা হয় যে, কর্মসূচিটি জুন ২০১৬ এ সমাপ্ত হয়েছে। কর্মসূচিটির সমাপ্তি প্রতিবেদন প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। সহসাই এটি অর্থ বিভাগে প্রেরণ করা হবে। ই-গর্ভনেন্স কর্মসূচির অসমাপ্ত কাজ বাস্তবায়নে নতুন একটি কর্মসূচি প্রণয়নের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।	১) কর্মসূচিটির সমাপ্তি প্রতিবেদন দ্রুত প্রণয়ন করে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। বাস্তবায়নেঃ কর্মসূচি পরিচালক। (২) ই-গর্ভনেন্স কর্মসূচির অসমাপ্ত কাজ বাস্তবায়নে নতুন একটি কর্মসূচি প্রণয়ন করতে হবে। বাস্তবায়নেঃ আইসিটি শাখা, পউসবি।
২৬।	সমবায়ের মাধ্যমে উন্নত জাতের গাভী পালন ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধি সহায়ক কর্মসূচি	সভায় জানানো হয় যে, ২০১৬-১৭ অর্থ বছরে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। কর্মসূচির অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের বিভাজন আদেশ জারি করা হয়েছে। অর্থ ছাড়ের প্রস্তাব অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরে কর্মসূচির অনুকূলে ৬৫.৮৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত কোন অর্থ অবমুক্ত ও ব্যয় হয়নি। কর্মসূচির অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদনের প্রস্তাব অর্থ বিভাগে বিবেচনাধীন রয়েছে।	কর্মসূচির অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নেঃ কর্মসূচি পরিচালক
২৭।	সিলেট সিটি কর্পোরেশন সংলগ্ন শহরতলী ও সদর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়ন পরিষদসমূহের গুরুত্বপূর্ণ সড়ক, গ্রোথ সেন্টার, গ্রামীণ মার্কেট এবং ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে সোলার ষ্ট্রিট লাইট স্থাপন কর্মসূচি	সভায় জানানো হয় যে, কর্মসূচির আওতায় সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপনের লক্ষ্যমাত্রা ৫৬৫টির বিপরীতে নভেম্বর পর্যন্ত, ৩৯০টি সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন সম্পন্ন হয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরে কর্মসূচির অনুকূলে ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০১৬ পর্যন্ত কোন অর্থ অবমুক্ত ও ব্যয় হয়নি। কর্মসূচির অনুকূলে চলতি অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদন ও অর্থ ছাড়ের প্রস্তাব এ বিভাগে পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে।	২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মসূচির কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নেঃ কর্মসূচি পরিচালক
২৮।	সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (সিভিডিপি-৩) প্রকল্প অনুমোদন	সভায় উল্লেখ করা হয় যে, সিভিডিপি-৩ প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে ইতোপূর্বে বাস্তবায়িত সিভিডিপি-২ প্রকল্পের আওতায় গঠিত সমিতিসমূহের বর্তমান পরিস্থিতি পর্যালোচনার নিমিত্ত এ বিভাগের সচিব এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হবে। সভার সিদ্ধান্তক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।	সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।। বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট শাখা, এ বিভাগ।
৩০।	বিবিধ	সভায় বিবিধ বিষয়াবলী আলোচনাকালে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ ১) পরিকল্পনা বিভাগের পরিপত্র অনুসারে প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার ৩ মাস পূর্বে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব আইএমইডি বা পরিকল্পনা কমিশনে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। মেয়াদ উত্তীর্ণ কোন প্রকল্প আগামী ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভুক্তির প্রস্তাব করা যাবে না। **বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক/ সংশ্লিষ্ট সংস্থা প্রধান।** ২) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় বাস্তবায়নাধীন সকল প্রকল্পকে একটি সমন্বিত ডাটা বেইজের আওতায় আনার জন্য আইসিটিভিত্তিক একটি সমন্বিত মাদার ডাটা বেইজড পদ্ধতি চালু ত্বরান্বিত করতে হবে। বাস্তবায়নেঃ মাদার ডাটা বেইজড প্রণয়ন কমিটি, পউসবি। ৩) একই ব্যক্তিকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান বা ৫০ কোটি টাকার উর্ধ্বের প্রকল্পে কাউকে প্রকল্প পরিচালকের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যাবে না। **বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট সংস্থা প্রধান ও পউসবি।** ৪) প্রকল্প পরিচালকগণ নিয়মিতভাবে প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবেন। **বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধান।**	

ক্র. নং	প্রকল্প/কর্মসূচির নাম	আলোচনা	সিদ্ধান্ত
		৫) দক্ষ মানব সম্পদ উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচন কার্যক্রম গতিশীল করতে খুলনা বিভাগে একটি পল্লী উন্নয়ন একাডেমী স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্প প্রস্তাবটি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের জনবলের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। ৬) দেশের ১০টি শহরে ও ১০টি গ্রামে সম্ভাব্যতা যাচাইপূর্বক তার সুপারিশের ভিত্তিতে গ্রামীণ বেকার যুবক ও মহিলাদের আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সমবায় সমিতির গঠনের মাধ্যমে স্কুটি/ মোটরসাইকেল ক্রয়ের নিমিত্ত ঋণ প্রদান কর্মসূচি গ্রহণ করতে হবে। **বাস্তবায়নেঃ সমবায় অধিদপ্তর।** ৭) মিল্ক ভিটার সক্ষমতার জন্য Strategic Plan প্রণয়ন করে আগামী ১ (এক) মাসের মধ্যে এ বিভাগে দাখিল করতে হবে। **বাস্তবায়নেঃ মিল্ক ভিটা** ৮) এডিপি পর্যালোচনা সভা প্রতি মাসের ২য় সপ্তাহে অনুষ্ঠিত হবে। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির পুর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী সভা অনুষ্ঠানের ৭(সাত) দিন পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে। **বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক/ সংশ্লিষ্ট সংস্থা প্রধান।** ৯) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (আইএমইডি-০৫/২০০৩ সংশোধিত ছকে) পরবর্তী মাসের ২ তারিখে আবশ্যিকভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। **বাস্তবায়নেঃ প্রকল্প পরিচালক/ সংশ্লিষ্ট সংস্থা প্রধান।** ১০) যে সব প্রকল্পের ক্রয় ও কর্ম পরিকল্পনা এখনও চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি; তা আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ১১) ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সবুজ পাতায় বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প অর্ন্তভুক্ত রয়েছে কিন্তু এখনও ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি সে সকল প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। **বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট সংস্থা প্রধান।**	

৫.০। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মসিউর রহমান রাঙ্গা, এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী